

## ☰ মারইয়াম | Maryam | مَرِيَم

আয়াতঃ ১৯ : ৪৮

📖 আরবি মূল আয়াত:

وَ أَعْتَزِلُكُمْ وَ مَا تَدْعُونَ مِنْ دُونِ اللَّهِ وَ أَدْعُوا رَبِّي عَسَىٰ أَلَّا أَكُونَ  
بِدُعَاءِ رَبِّي شَقِيًّا ﴿٤٨﴾

A ✨ অনুবাদসমূহ:

‘আর আমি তোমাদের ও আল্লাহ ছাড়া যাদের ইবাদাত তোমরা কর তাদের পরিত্যাগ করছি এবং আমি আমার রবের ইবাদাত করছি। আশা করি আমার রবের ইবাদাত করে আমি ব্যর্থ হব না’। — আল-বায়ান

আমি পরিত্যাগ করছি আপনাদেরকে আর আপনারা আল্লাহকে বাদ দিয়ে যাদেরকে ডাকেন তাদেরকে। আমি আমার প্রতিপালককে ডাকি, আশা করি আমি আমার প্রতিপালককে ডেকে বঞ্চিত হব না।’ — তাইসিরুল

আমি তোমাদের দিক হতে এবং তোমরা আল্লাহ ব্যতীত যাদের ইবাদাত কর তাদের দিক হতে পৃথক হচ্ছি; আমি আমার রবের আহ্বান করি; আশা করি আমার রবের আহ্বান করে আমি ব্যর্থকাম হব না। — মুজিবুর রহমান

And I will leave you and those you invoke other than Allah and will invoke my Lord. I expect that I will not be in invocation to my Lord unhappy." — Sahih International

৪৮. আর আমি তোমাদের থেকে ও তোমরা আল্লাহ ছাড়া যাদের ইবাদাত কর তাদের থেকে পৃথক হচ্ছি; আর আমি আমার রবকে ডাকছি; আশা করি, আমার রবকে ডেকে আমি দূর্ভাগা হব না।

-

তাফসীরে জাকারিয়া

(৪৮) আমি তোমাদের নিকট হতে ও তোমরা আল্লাহ ব্যতীত যাদের উপাসনা কর তাদের নিকট হতে পৃথক হচ্ছি। আমি আমার প্রতিপালককে আহ্বান করব। আর আশা করি, আমি আমার প্রতিপালককে আহ্বান করে ব্যর্থকাম হব না।’

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2298>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন